

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদলগাছী, নওগাঁ

www.badalgachi.naogaon.gov.bd



আশ্রয়ণের আধিকার
শেখ হাসিনার উপহার

স্মারক নং-০৫.৪৩.৬৪০৬.০০০.০৮.০৩৪.২২- ৪০৪

তারিখ : ০৮ বৈশাখ ১৪২৮
২১ এপ্রিল ২০২২

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ৩য় পর্যায়ে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে আগামী ২৬ এপ্রিল ২০২২ তারিখ জমি ও গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ।

সূত্র : ০১। আশ্রয়ণ-২ প্রকল্পের স্মারক নং ০৩.০২.০০০০.৭০১.২৩.১৫৮.২০২০-৪৫২, তারিখ ১৩ এপ্রিল ২০২২ খ্রি।

০২। আশ্রয়ণ-২ প্রকল্পের স্মারক নং ০৩.০২.০০০০.৭০১.২১.৪৮২.২০২২-৫১৪, তারিখ ২০ এপ্রিল ২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিববর্ষে “বাংলাদেশের একজন মানুষ ও গৃহহীন থাকবে না” মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২৬ এপ্রিল ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ টায় ৩য় পর্যায়ে উপকারভোগী পরিবারের নিকট উক্ত গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন।


অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধন ঘোষণার পর পর মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে স্থানীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী, সংসদ সদস্য, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক, উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারগণ উপকারভোগীদের নিকট ফোল্ডার হস্তান্তর করবেন।

বদলগাছী উপজেলায় এ অনুষ্ঠানটি আগামী ২৬ এপ্রিল ২০২২ তারিখ মঙ্গলবার সকাল ০৯.৩০ টায় উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আয়োজন করা হবে। বিস্তারিত অনুষ্ঠান সূচি নিম্নরূপ:

“অনুষ্ঠান সূচি”

- সকাল ০৯.৩০-০৯.৪৫ আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয় হতে সরবরাহকৃত ভিডিও প্রদর্শন।
- সকাল ০৯.৪৫-১০.০০ পর্যন্ত ১ম, ২য় ও ৩য় পর্যায়ের উপকারভোগীদের অভিব্যক্তি/অনুভূতি প্রকাশ।
- সকাল ১০.০০-১০.৩০ পর্যন্ত উপস্থিত অতিথিবৃন্দের বক্তৃতা পর্ব।
- সকাল ১০.৪৫ গণভবন প্রান্তের সাথে সরাসরি সংযুক্ত হতে হবে।
- সকাল ১১.০০ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন।
- সকাল ১১.৩০ মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে উপকারভোগীদের নিকট ফোল্ডার হস্তান্তর।

এমতাবস্থায়, উল্লিখিত অনুষ্ঠানে যথাসময়ে উপস্থিত হয়ে অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


মোসাঃ আলিনা ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ
ফোন : ০২৫৮৮৮৮৬৬০১

e-mail: unobadalgachi@mopa.gov.bd

(বিতরণ জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪৮ নওগাঁ-৩ (বদলগাছী-মহাদেবপুর) বদলগাছী, নওগাঁ।

০২. জেলা প্রশাসক, নওগাঁ।

০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।

০৪. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।

০৫. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।

০৬. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, বদলগাছী, নওগাঁ।

০৭. উপজেলা..... অফিসার, বদলগাছী, নওগাঁ।

০৮. সদস্য, আশ্রয়ণ প্রকল্প সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটি, বদলগাছী, নওগাঁ।

০৯. সভাপতি/সম্পাদক..... বদলগাছী, নওগাঁ।

১০. চেয়ারম্যান..... ইউপি (সকল) বদলগাছী, নওগাঁ।

১১. জনাব/বেগম....., বদলগাছী, নওগাঁ।

১২. সহকারী প্রোগ্রামার, বদলগাছী, নওগাঁ (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।